

আজি পল্লিবালিকা অলকগুচ্ছ সাজালো বকুলফুলের দুলে,
 যেন মেঘরাগিণীরচিত কী সুর দুলালো কর্ণমূলে ॥
 ওরা চলেছে কুঞ্জচ্ছায়াবীথিকায় হাস্যকল্লোল-উছল গীতিকায়
 বেণুমর্মরমুখর পবনে তরঙ্গ তুলে ॥
 আজি নীপশাখায়-শাখায় দুলিছে পুষ্পদোলা,
 আজি কূলে কূলে তরল প্রলাপে যমুনা কলরোলা ।
 মেঘপুঞ্জ গরজে গুরু গুরু, বনের বক্ষ কাঁপে দুরু দুরু—
 স্বপ্নলোকে পথ হারানু মনের ভূলে ॥

Parjaay: Prakriti / Borsha

Visit www.geetabitan.com for notation and other detail